

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১৫, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

[ভ্যাট বিভাগ]

তারিখ : ২৬ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/১১ নভেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

নং ০৯/মূসক/২০২১—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড ১১ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ২৬ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯ নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ২ নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“বন্দর, ফেইট ফরোয়ার্ডার্স, ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা, বীমা কোম্পানি ও শিপিং এজেন্ট সেবার উপর প্রযোজ্য মূসক অব্যাহতি গ্রহণের ক্ষেত্রে আমদানি বা রপ্তানি শুল্ক স্টেশন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (যেমন: বন্দর) বা সংস্থা (যেমন: ফেইট ফরোয়ার্ডার্স, ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা, বীমা কোম্পানি ও শিপিং এজেন্ট), রপ্তানিকারক প্রতিষ্ঠানের মূসক নিবন্ধনপত্র এবং অন্যান্য দলিলাদি (যথা: বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ বা অনুরূপ সংস্থার নিবন্ধনপত্র, সংশ্লিষ্ট রপ্তানিকারক এসোসিয়েশনের সদস্য হিসাবে সনদ ইত্যাদি) পরীক্ষান্তে প্রতিষ্ঠানের প্রকৃতি সম্পর্কে নিশ্চিত হইয়া (প্রতিষ্ঠানটি প্রকৃতপক্ষে শতভাগ সরাসরি রপ্তানিকারক/প্রাচল্ল রপ্তানিকারক/ইপিজেড—এ অবস্থিত প্রতিষ্ঠান কিনা) মূসক অব্যাহতির সুবিধা প্রদান করিবে।”

২। এই আদেশ ২৬ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দীন

প্রথম সচিব (মূসক নীতি)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৬২৯৯)

মূল্য : টাকা ৪.০০